বিজিএ/কাস/২০২৩/৪০

২ মার্চ ২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের বার্ষিক অডিট কার্যক্রম সম্পাদনের জন্য মেয়াদান্তে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের সময়সীমা ১২০দিন ধার্য করা থাকলেও কিছু কিছু জটিলতা দেখা দেয়। বিজিএমইএ'র ব্যবস্থাপনা পরিষদের দাবীর প্রেক্ষিতে উক্ত জটিলতা দূরীকরণের লক্ষ্যে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা ২০০৮ এর লাইসেন্সিং কর্তৃপক্ষের পালনীয় শর্তাবলী অংশের ৮(ক) ও ৮(খ) অনুচ্ছেদ মোতাবেক যথাসময়ে স্পেশাল বন্ডের অডিট কার্যক্রম সম্পাদনের নির্দেশনা সম্বলিত অফিস আদেশ নং-৫(১৩)১৯/বন্ড:কমি:/স্থায়ী আদেশ/২০২২/পার্ট-০১/২০১৯/১৫৬১ (১-৭) তারিখ: ২২/০২/২০২৩ কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (দক্ষিণ) কর্তৃপক্ষ জারী করেছে।

উক্ত অফিস আদেশ জারীর ফলে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের বার্ষিক অডিট কার্যক্রম সম্পাদনে আর কোন জটিলতা থাকবে না বলে বিজিএমইএ মনে করে।

প্রয়োজনীয় কার্যক্রমের জন্য কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (দক্ষিণ) কর্তৃক জারীকৃত অফিস আদেশটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

ধন্যবাদান্তে,

০২/৩/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা
Website : www.cbc.gov.bd

## অফিস আদেশ

১। জাতীয় রাজস্ব বোর্ডের ০৫ পৌষ ১৪১৯ বঙ্গাব্দ/১৯ ডিসেম্বর ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন।
২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/০১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন।

উপর্যুক্ত সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

সূত্রোক্ত-০১ নং প্রজ্ঞাপনের মাধ্যমে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর "পরিশিষ্ট-০৩" এর "লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলী" অংশে বর্ণিত অনুচ্ছেদ ৮ এর উপ-অনুচ্ছেদ (ক) তে উল্লিখিত "৩০ (ত্রিশ)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৯০ (নব্বই)" সংখ্যা, শব্দ ও বন্ধনী দ্বারা প্রতিস্থাপিত হয় এবং যা পরবর্তীতে আবারও সূত্রোক্ত-০২ নং প্রজ্ঞাপনের মাধ্যমে উক্ত বিধিমালার "পরিশিষ্ট-০৩" এর লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলী" অংশে বর্ণিত অনুচ্ছেদ ৮ এর উপ-অনুচ্ছেদ (ক) তে উল্লিখিত "৯০ (নব্বই)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "১২০ (একশত বিশ)" সংখ্যা, শব্দ ও বন্ধনী দ্বারা প্রতিস্থাপিত হয়, উল্লিখিত প্রতিস্থাপনের ফলে বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের লাইসেন্সের মেয়াদ ০১ (এক) বছর সমাপ্ত হওয়ার পরবর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক নিরীক্ষার জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে।

এমতাবস্থায়, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা ২০০৮ এর লাইসেন্সিং কর্তৃপক্ষের পালনীয় শর্তাবলি অংশের ৮(ক) ও ৮(খ) মোতাবেক যথাসময়ে স্পেশাল বন্ডের অডিট কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

22/2/23

মোহাম্মদ আহসানুল হক
কমিশনার
ফোন- ০২২২২২২৭০০০

নং-৫(১৩)১৯/বন্ড কমি:/স্থায়ী আদেশ/২০২২/পার্ট-০১/২০১৯/ ১৫৮১ (২-৭) তারিখ: ২২/০২/২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :**

১. সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, প্লট নং-এফ-১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি-৭/৭এ, ব্লক-এইচ-আই, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
৩. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, (৫ম তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলা মটর, ঢাকা।
৪. জনাব .............................................. অতিরিক্ত/ যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)।
৫. জনাব .............................................. উপ/সহকারী কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)।
৬. জনাব .............................................. রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)।
৭. পি এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

22.02.23

সাদিয়া আফরোজ
উপ-কমিশনার
কমিশনারের পক্ষে।

Kawsar for n/a
2/3/23

CamScanner

## লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলি:

১. এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

২. পণ্যাগারে রক্ষিত পণ্যের নিরাপদ সংরক্ষণের জন্য প্রযোজ্য সকল আইন মানিয়া চলিতে লাইসেন্সি তথা বন্ডার বাধ্য থাকিবেন।

৩. বন্ডকৃত প্রাঙ্গণে কাঁচামাল মজুদের পণ্যাগার, উৎপাদনের এলাকা, উৎপাদিত পণ্য মজুদের পণ্যাগার ও অফিসকক্ষ সুচিহ্নিত ও সুরক্ষিত হইতে হইবে। পণ্যাগারে রক্ষিত কাঁচামাল ও উৎপাদিত পণ্য এমনভাবে রক্ষিত হইবে যাহাতে কাঁচামাল ও উৎপাদিত পণ্য সহজে পরিদর্শন করা যায়। উৎপাদিত প্যাকেজ বা পণ্যের পরিমাণ পণ্যাগারের ধারণক্ষমতার অধিক হইবে না। লাইসেন্সিং কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী পণ্যাগারে মজুদের ব্যবস্থা করিতে হইবে।

৪. লাইসেন্সি তাঁদের পণ্যের মজুদ বই এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে মজুদ পণ্যের পরিমাণ সহজেই পরীক্ষা করা যায়। শুল্ক অফিসার যখনই মজুদ বই তলব করিবেন তখনই তাহা পেশ করিতে হইবে।

৫. জাতীয় রাজস্ব বোর্ড ও শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস পরিচালনা বিষয়ে জারিকৃত এসআরও/আদেশ/নির্দেশ মানিয়া চলিতে বন্ডার বাধ্য থাকিবেন।

৬. বন্ড লাইসেন্সের আওতায় পণ্য আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান আমদানি নীতি ও রপ্তানি নীতির বিধি-বিধান মানিয়া চলিতে বন্ডার বাধ্য থাকিবেন।

৭. লাইসেন্সের দ্বিতীয় পাতায় বর্ণিত কাঁচামাল ভিন্ন কোনো প্রকার পণ্য, মেশিনারী বা যন্ত্রাংশ বন্ডিং সুবিধায় খালাস দেয়া হইবে না।

৮. [১](ক) বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের লাইসেন্সের মেয়াদ ১(এক) বছর সমাপ্ত হইবার পরবর্তী [২][৩০(ত্রিশ)] দিনের মধ্যে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক অডিটের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে এবং অডিটের লক্ষ্যে প্রস্তুত থাকিতে হইবে।

(খ) উপ-দফা (ক) এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত দলিলাদি প্রাপ্ত হইবার পর পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে বার্ষিক অডিট সম্পন্ন করিবে।

(গ) লাইসেন্সি নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিল না করিলে এবং অডিটের জন্য প্রস্তুত না থাকিলে কমিশনার (বন্ড) অথবা সংশ্লিষ্ট কমিশনার অবিলম্বে লাইসেন্স সাসপেন্ড করিবেন এবং আইনী কার্য দ্বারা সমাপনান্তে বার্ষিক অডিট সম্পন্ন হওয়া সাপেক্ষে স্থগিতাদেশ প্রত্যাহার করিবেন।

৯. অন্যান্য সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের ক্ষেত্রে লাইসেন্স প্রদানের ভিত্তিতে বার্ষিক অডিটের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্সের মেয়াদ ১(এক) বছর সমাপ্ত হইবার পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে জমা প্রদান করিতে হইবে।]

---

[১] এসআরও নং-১৬২-আইন/২০১১/২৩৪৯/কাস্টমস, তারিখ: ৯/৬/২০১১

[২] এসআরও নং-২৩২-আইন/২০১২/২৪১৩/কাস, তারিখ: ২৮/৬/২০১২